গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-২৮

## রুয়েটে 'যোগাযোগে দক্ষতা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

রাজশাহী, ১৫ শ্রাবণ (৩০ জুলাই):

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) 'মাস্টারিং কমিউনিকেশনস: দ্যা কি টু পার্সোনাল এন্ড প্রফেশনাল সাকসেস' শীর্ষক বিশেষ সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বুধবার (৩০ জুলাই) সকালে বিশ্ববিদ্যালয়ের হলরুমে এই সেমিনার আয়োজন করে ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) ক্লাব। সেমিনারে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ইউএনডিপি বাংলাদেশের হেড অব কমিউনিকেশনস মো. আবদুল কাইয়্যুম।

আবদুল কাইয়্যুম বলেন, যোগাযোগ শুধু কথা বলার দক্ষতা নয়, এটি হলো শ্রবণ, উপলব্ধি এবং প্রভাব তৈরির সমন্বয়। ব্যক্তিগত এবং পেশাগত জীবনে সাফল্যের জন্য দক্ষ যোগাযোগ অপরিহার্য। লেখাপড়ার পাশাপাশি কমিউনিকেশনে দক্ষতা অর্জন করতে হবে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইপিই বিভাগের প্রধান ও রুয়েট আইপিই ক্লাবের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মো. মোশাররফ হোসেন।

তিনি একাডেমিক শিক্ষার পাশাপাশি মানব যোগাযোগে দক্ষতা অর্জনের ওপর গুরুত্বারোপ করেন।

সেমিনারে শিক্ষক-শিক্ষার্থীরা সক্রিয় অংশগ্রহণ করেন।

....................................................................

রুহুল/তৌহিদ/আতিক/স্মিতা/হালিম/২০২৫/১৫:০০ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd